দৈনিক
ইত্তেফাক

তারিখ: 03 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

# চবি ছাত্র ও তাপস হত্যার অভিযোগপত্র আদালতে

■ চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) সংস্কৃত বিভাগের শিক্ষার্থী তাপস সরকার হত্যাকাণ্ডের ঘটনায় ২৯ জনের নামোল্লেখ করে অভিযোগপত্র তৈরি করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। মামলার দায়িত্ব নেয়ার প্রায় ৮ মাসের মাথায় চাঞ্চল্যকর এ হত্যাকাণ্ডের অভিযোগপত্র তৈরি হলো। গতকাল সোমবার অভিযোগপত্রটি চট্টগ্রাম আদালতের জিআরও শাখায় জমা দেয়া হয়েছে। আজ মঙ্গলবার সেটি চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে দাখিল করার কথা রয়েছে।

পিবিআই সূত্র জানায়, অভিযোগপত্রে ছাত্রলীগের সাবেক উপ-সাংস্কৃতিক সম্পাদক আশরাফুজ্জামান আশাকে মূল খুনি হিসাবে চিহ্নিত করা হয়েছে। এছাড়াও অভিযুক্ত বাকিরা সবাই ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত বলে জানা গেছে। এদের মধ্যে মূল অভিযুক্ত আশরাফুজ্জামান আশাসহ ১৪ জন পলাতক এবং বাকিরা জামিনে আছেন।

অভিযোগপত্রে বলা হয়, ময়না তদন্তের রিপোর্টের ভিত্তিতে দেখা গেছে গুলির আঘাতেই তাপস সরকারের মৃত্যু হয়েছে। ব্যালিস্টিক রিপোর্ট বলছে ৭ দশমিক ৬৮ ক্যালিবার পিস্তলের গুলিতেই তার মৃত্যু হয়। আর এ পিস্তলটি ব্যবহার করেন আশরাফুজ্জামান আশা।

প্রসঙ্গত, ২০১৪ সালের ১৪ ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে খুন হন সংস্কৃত বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী তাপস সরকার। অভিযোগপত্র থেকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক গণশিক্ষা বিষয়ক সম্পাদক রূপন বিশ্বাস বাদ পড়েছেন।

এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তা বলেন, 'ঘটনার সময় রূপন বিশ্বাস ভারতে অবস্থান করছিলেন। বেনাপোল ইমিগ্রেশন অফিস বিষয়টি নিশ্চিত করায় অভিযোগপত্র থেকে তার নাম বাদ পড়েছে।'